দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... DEC 15 1999
পৃষ্ঠা ৫ কলাম ২...

110

# পদোন্নতির পরীক্ষায়ও নকল ॥ ১৯ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ

গিয়াসউদ্দিন আহামেদ ॥ শেষ পর্যন্ত শিক্ষকরাও নকল করিতে গিয়া ধরা পড়িয়াছেন। যে শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের পরীক্ষার সময় নকল ধরেন, সেই শিক্ষকদের মধ্যে অনেকে পদোন্নতির জন্য পরীক্ষা দিতে গিয়া নকল করিয়া ধরা পড়িয়াছেন।

পাবলিক সার্ভিস কমিশনের নিকট শিক্ষকদের নকলের বিষয়টি খুব দুঃখজনক বলিয়া মনে হইয়াছে।

সম্প্রতি বিসিএস শিক্ষা প্রশাসনের লেকচারাররা পাবলিক সার্ভিস কমিশনে বিভাগীয় পদোন্নতির জন্য পরীক্ষা দিতে যায়। উক্ত লেকচারারদের মধ্যে প্রায় ১৯ জন লেকচারার নকল করিতে গিয়া পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষা পরিচালনাকারীদের হাতে ধরা পড়েন। পাবলিক সার্ভিস কমিশন হইতে উক্ত ১৯ জন লেকচারারকে আগামী দুই বৎসর হইতে তিন বৎসরের জন্য পদোন্নতির পরীক্ষার জন্য অযোগ্য বলিয়া ঘোষণা করা হয়। পরে পাবলিক সার্ভিস কমিশন হইতে শিক্ষা মন্ত্রণালয়ে নকলের দায়ে অভিযুক্ত লেকচারারদের মধ্যে প্রথম চিঠিতে ১১ জন ও দ্বিতীয় চিঠিতে ৮ জনের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হইয়াছে।

নকলের দায়ে অভিযুক্ত লেকচারারদের বিরুদ্ধে কেন ব্যবস্থা গ্রহণ করা হইবে না এই মর্মে কারণ দর্শানোর জন্য পৃথক পৃথকভাবে নোটিস জারি করা হইয়াছে বলিয়া শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা গিয়াছে। অভিযুক্ত লেকচারারদের নিকট হইতে সন্তোষজনক জবাব পাওয়া না গেলে মন্ত্রণালয় হইতে উক্ত লেকচারারদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইবে বলিয়া শিক্ষা মন্ত্রণালয়ের জনৈক উর্ধ্বতন কর্মকর্তা জানান।